গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: **International Maritime Organization (IMO)'র কাউন্সিল নির্বাচন, ২০২৩-এ বাংলাদেশের 'C' ক্যাটাগরিতে নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনপূর্ব প্রস্তুতি, প্রচার-প্রচারণার কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **সিনিয়র সচিব**<br>**নৌপরিবহন মন্ত্রণালয়** |
| সভার তারিখ | : | **০৪ অক্টোবর, ২০২৩** |
| সময় | : | **বেলা ১১:০০ ঘটিকা** |
| স্থান | : | **নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ** |

সভাকক্ষে উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।

সভায় সরাসরি এবং ভার্চুয়ালি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে, নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন অধিদপ্তরের ইঞ্জিনিয়ার এন্ড শীপ সার্ভেয়ার জনাব মোঃ ওবায়েদ উল্লাহ ইবনে বশির IMO'র নির্বাচন বিষয়ে এ পর্যন্ত গৃহীত পদক্ষেপসমূহ সভায় পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

২.০ সভাপতি যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের মান্যবর হাইকমিশনারকে নির্বাচনের সর্বশেষ অগ্রগতি তুলে ধরতে অনুরোধ জানান। মান্যবর হাইকমিশনার তার বক্তব্যে বলেন এ পর্যন্ত বাংলাদেশের পক্ষে ৪৩ টি দেশের লিখিত প্রতিশ্রুতি পাওয়া গেছে। তিনি আরও উল্লেখ করেন এ পর্যায়ে ৪৩ টি ভোট অত্যন্ত অপ্রতুল এবং নির্বাচনে জয়লাভের জন্য ন্যূনতম ১১০ টি ভোট আবশ্যক হবে। তিনি নির্বাচনে ভালো ফলাফলের লক্ষ্যে সকল সংস্থাকে একযোগে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন এবং সেই সাথে বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়, দূতাবাসসমূহ এবং UN স্থায়ী প্রতিনিধি নিয়ে একটি সভার আয়োজনপূর্বক প্রচারণা জোরদার করার অনুরোধ জানান।

৩.০ সভায় উপস্থিত পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (জাতিসংঘ) ভোটার দেশসমূহকে ক্যাটাগরিতে বিভক্ত করে তাদের কনভেন্স করার জন্য নির্বাচন কর্মকৌশল নির্ধারণের উপর গুরুত্ব আরোপ করেন। Africa, OIC, Europe, Latin America, LDC & SDC ইত্যাদি দেশসমূহের সুস্পষ্ট ভাগ করে নির্বাচনী প্রচারণার কর্মকৌশল অবলম্বনের উপর জোর দেন।

৪.০ সভাপতি বিশ্বব্যাপী হংকং কনভেনশন আনুষ্ঠানিক স্বীকৃতিতে বাংলাদেশের ভূমিকাকে জোর দিয়ে নির্বাচনী প্রচারণা চালানোর উপর গুরুত্বারোপ করেন এবং হংকং কনভেনশনে বাংলাদেশের অনুসমর্থনে বিশেষ ভূমিকা পালনকারী দেশ নরওয়ে এবং জাপানের সহযোগিতা নিয়ে নির্বাচনী প্রচারণা চালানোর উদ্যোগ গ্রহণ করার উপর জোর দেন।

৫.০ সভাপতি আইএমও'র সেক্রেটারী জেনারেল নির্বাচন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ১.০০ কোটি (এক কোটি) টাকা বাজেট ব্যয় সম্পর্কে তথ্য উপস্থাপনের জন্য মান্যবর হাইকমিশনারকে অনুরোধ করেন। মান্যবর হাইকমিশনার এ বিষয়ে দ্রুত একটি প্রতিবেদন প্রেরণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি আরো জানান, IMO'র কাউন্সিল নির্বাচন, ২০২৩-এ বাংলাদেশ 'C' ক্যাটাগরিতে নির্বাচনসহ অন্যান্য বিষয়ে ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ বিশেষ ভূমিকা পালন করতে সক্ষম হবেন। তিনি ইতোপূর্বে আইএমও'র সেক্রেটারী জেনারেল নির্বাচনে বাংলাদেশের প্রার্থী ছিলেন এবং মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রীর বিশেষ দূত হিসেবেও দায়িত্ব পালন করেছিলেন। আইএমও-তে ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ ইতোপূর্বে এর দীর্ঘ অভিজ্ঞতা বিবেচনা করে তাকে পুনরায় মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রীর বিশেষ দূত হিসেবে নিয়োগ করা হবে। এ বিষয়ে মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রী তার ইচ্ছা প্রকাশ করেছেন।

চলমান পাতা-২

৬.০ সভায় লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসে নিয়োজিত কাউন্সিলর (মেরিটাইম অ্যাফেয়ার্স) ক্যাপ্টেন কাজী এ.বি. এম শামীম সভায় জানান, IMO'র কাউন্সিল নির্বাচন, ২০২৩-এ বাংলাদেশের 'C' ক্যাটাগরিতে নির্বাচনে ভোট প্রাপ্তির বিষয়ে সম্ভাব্য সকল প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে। তিনি আরো জানান, Least Developed Countries ( LDC) এবং Small Island Developing Countries (SIDS) দেশসমূহের মেরিন ক্যাডেটদের জন্য বাংলাদেশের মেরিন একাডেমিগুলোর পক্ষে বৃত্তি প্রদানের ব্যবস্থা করা সম্ভব হলে তা নির্বাচনে ইতিবাচক প্রভাব তৈরি করতে সক্ষম হবে।

৭.০ **সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

৭.১ অক্টোবর ২০২৩ এর মধ্যে নির্বাচন সংক্রান্ত আরো তিনটি সভা আয়োজন করা হবে, উক্ত সভায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয়ের জাতিসংঘে নিযুক্ত স্থায়ী প্রতিনিধি, যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনারের মাধ্যমে নির্বাচনী প্রস্তুতির প্রচারণা জোরদার করা এবং নির্বাচনী কৌশল নির্ধারণ করা হবে;

৭.২ অতিসত্ত্বর পররাষ্ট্র মন্ত্রণালয়ের এর তত্ত্বাবধানে এবং উদ্যোগে বাংলাদেশে অবস্থিত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতদের আমন্ত্রণ জানিয়ে আইএমও তে বাংলাদেশের নির্বাচনের বিষয়টি তুলে ধরে নির্বাচনের প্রচারণা চালাতে হবে;

৭.৩ নির্বাচনী প্রচারণায় আন্তর্জাতিকভাবে হংকং কনভেনশন অনুমোদনে বাংলাদেশের ভূমিকা তুলে ধরতে হবে এবং প্রয়োজনে এক্ষেত্রে বাংলাদেশকে সাহায্যকারী দেশ জাপান ও নরওয়ের সাহায্য নিতে হবে এবং তাদের সাথে প্রত্যক্ষ আলোচনার উদ্যোগ নিতে হবে;

৭.৪ নির্বাচনী প্রস্তুতির লক্ষ্যে এবং নির্বাচনে ভোট আদায়ের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়/নৌপরিবহন অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি ছোট টিমকে নির্বাচনী প্রচারণায় সাহায্য করার তাগিদে লন্ডন প্রেরণ করা হবে;

৭.৫ নির্বাচনী প্রচারণায় সাহায্য করার তাগিদে ক্যাপ্টেন মঈন আহমেদকে স্পেশাল এনভয় অব শিপিং মিনিস্টার হিসাবে নিয়োগ দেয়া হবে;

৭.৬ নির্বাচনের লক্ষ্যে সদস্য রাষ্ট্রসমূহের প্রতিনিধিগণকে উপহার দেয়ার নিমিত্ত নৌপরিবহন অধিদপ্তর অতিসত্ত্বর শুভেচ্ছা স্মারক তৈরি করবে;

৭.৭ নির্বাচনের জোরদার প্রচারণার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের জাতিসংঘ অনুবিভাগের মহাপরিচালককে নির্বাচনী প্রচারণায় মুখ্য ভূমিকা রাখতে হবে। এ লক্ষ্যে সদস্য রাষ্ট্রসমূহকে OIC, African, Latin America, Europe ভিত্তিক গ্রুপ তৈরিপূর্বক সমর্থ পাওয়ার লক্ষ্যে গ্রুপ ভিত্তিক কৌশল এবং প্রক্রিয়া চালাতে হবে;

৭.৮ বর্তমানে বাংলাদেশের পক্ষে মোট ৪৩ টি দেশের ভোটের লিখিত প্রতিশ্রুতি পাওয়ায় নির্বাচনে জয়ী হওয়ার জন্য ন্যূনতম ১১৫/১২০টি ভোট প্রাপ্তির লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, নৌপরিবহন অধিদপ্তর, লন্ডনস্থ দূতাবাস, নিউইয়র্ক জেনেভা মিশন একযোগে কাজ করতে হবে;

৭.৯ নির্বাচনী পুস্তিকাতে বিশ্বব্যাপী হংকং কনভেনশন অনুমোদনে বাংলাদেশের ভূমিকা আরও জোরালোভাবে তুলে ধরতে হবে;

৭.১০ যুক্তরাজ্য হাইকমিশন Least Developed Countries ( LDC) এবং Small Island Developing countries (SIDS) দেশসমূহের মেরিন ক্যাডেটদের বৃত্তি প্রদানের লক্ষ্যে একটি প্রস্তাবনা নৌপরিবহন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবেন। প্রস্তাবনা পাওয়া সাপেক্ষে নৌপরিবহন মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে;

৭.১১ বিভিন্ন মেরিটাইম ইভেন্ট এ বাংলাদেশের বিএসসি এবং বেসরকারি নৌ-বহর উত্তরোত্তর বৃদ্ধির বিষয়টি তুলে ধরতে হবে;

৭.১২ বিগত আইএমও'র সেক্রেটারী জেনারেল নির্বাচন উপলক্ষ্যে বরাদ্দকৃত বাজেট বিষয়ে বিস্তারিত ব্যয়-বিবরণী যুক্তরাজ্যের মান্যবর হাইকমিশনার দ্রুত প্রতিবেদন দিবেন।

৮.০ অতঃপর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৮-১০-২০২৩

(মোঃ মোস্তফা কামাল)
সিনিয়র সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

চলমান পাতা-৩

২৫ কার্তিক, ১৪৩০

নং-১৮.০০.০০০০.০২৪.২৪.০০৪.১৫(অংশ-৩)- ৩৭৬ তারিখঃ------------------------

১০ অক্টোবর, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ দূতাবাস, লন্ডন, যুক্তরাজ্য।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/বন্দর/সংস্থা-১/২), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। ক্যাপ্টেন এ.বি. এম শামীম, কাউন্সিলর (মেরিটাইম এফেয়ার্স), বাংলাদেশ দূতাবাস, লন্ডন, যুক্তরাজ্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সৈয়দ আলী আহসান
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd